48

দৈনিক ইত্তেফাক

তারিখ 23 JUL 1994
পৃষ্ঠা ৫ কলাম

# কারাগারে গণশিক্ষা চালু করা প্রয়োজন

মাইনুল হাসান ॥ দেশের কারাগারগুলিতে গণশিক্ষা কার্যক্রম চালু করা প্রয়োজন। কারাগারের বাসিন্দাদের বেশীরভাগ নিরক্ষর। গণশিক্ষা চালু হইলে কমপক্ষে তাহারা অক্ষরজ্ঞান লাভ করিতে পারিবে। স্বাক্ষর দেওয়ার সুবিধাটুকু পাইবে। সমাজসেবা বিভাগের এক তথ্যে জানা গিয়াছে বরিশাল কারাগারে প্রায় ৫০০ বন্দী নিরক্ষর রহিয়াছে। ঐ কারাগারে বন্দীর সংখ্যা প্রায় ৯২৬। সমাজসেবা বিভাগ নিজেদের উদ্যোগে ও কারা প্রশাসনের সহায়তায় এই কারাগারে গণশিক্ষা কার্যক্রম চালুর উদ্যোগ লইয়াছে। জানা গিয়াছে, প্রতিটি কারাগারে বন্দীদের বেশীরভাগ সারাদিন অলসভাবে কাটায়। কারণ কারাগারে বিচারাধীন আসামীর সংখ্যা বেশী। জেল কোড অনুসারে তাহাদের দ্বারা কাজ করানো নিষিদ্ধ। এই লোকগুলিকে দিনের বেলায় শিক্ষাদানের কাজে নিয়োজিত করা যায়। আর সাজাপ্রাপ্ত আসামীদের জন্য রাতের বেলায় নিজ নিজ সেলে পড়াশুনার ব্যবস্থা অনায়াসে সম্ভব। কারণ প্রতিটি সেলেই শিক্ষিত লোকজনও রহিয়াছে। তাহাদের শারীরিক সাজা কমাইয়া এই দায়িত্ব দেওয়া যাইতে পারে।